## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭

### বাংলা

**১. ণ-ত্ব বিধি অনুসারে কোন জোড় অশুদ্ধ বানান?**
ক. দুর্নিবার, নবারুণ খ. হরিণ, মূল্যায়ন
গ. কেরাণি, পরগণা ঘ. পণ, প্রণয়ন

ব্যাখ্যা: ঋ, র, ষ এর পর 'ণ' হয়। সে হিসেবে 'কেরানি' হবে। আর বিদেশী শব্দে 'ণ-ত্ব' বিধান খাটে না। পরগনা ফারসি শব্দ।
**সঠিক উত্তর : গ.**

**২. 'জেন্দা' কী?**
ক. ভাষা খ. জাতি গ. গ্রন্থ ঘ. গোষ্ঠী

ব্যাখ্যা: 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কবিতাটি আবদুল কাদির সম্পাদিত বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'নজরুল রচনাবলী'র প্রথম খণ্ড থেকে সাম্যবাদী কবিতাটি সংকলিত।
- কবিতাটি ১৯২৫ খ্রিষ্টাব্দে 'সাম্যবাদী' কাব্যে অর্ন্তভূক্ত হয়।
- কবিতায় উল্লেখিত মহান ব্যক্তি- কনফিয়াস, চার্বাক, ঈসা, মুসা, আরব-দুলাল (হযরত মুহাম্মদ (সঃ)), শাক্যমুনি (বুদ্ধদেব)।
- পারস্যে অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ আবেস্তা এবং তাদের ভাষা জেন্দা।

**সঠিক উত্তর : ক.**

**৩. 'জ্যেষ্ঠের অবিবাহিত অবস্থায় কনিষ্ঠের বিয়েকে'– এক কথায় কী বলা হয়?**
ক. অগ্রবিয়ে খ. পরিবেদন গ. পরদানি ঘ. অগ্রদানি

ব্যাখ্যা:
- জ্যেষ্ঠের অবিবাহিত অবস্থায় কনিষ্ঠের বিয়ে - পরিবেদন
- কর্ম সম্পাদনে পরিশ্রমী - কর্মঠ।
- শোনা যায় এমন - শ্রুতিগ্রাহ্য
- সম্পূর্ণরূপে বিবেচনা করা হয় - অসমীক্ষিত
- নষ্ট হওয়া স্বভাব যার - নশ্বর

**সঠিক উত্তর : খ.**

**৪. 'হিন্দি' শব্দটি মূলত কোন ভাষা থেকে গৃহীত?**
ক. ফারসি খ. সংস্কৃত গ. হিন্দি ঘ. প্রাকৃত

ব্যাখ্যা: 'হিন্দি' শব্দটি ফারসি শব্দ।
- হিন্দি ভাষা থেকে বাংলা ভাষায় আগত শব্দ - ভাই, বোন, মামা, মামি, চাচা, চাচি, ফুফু, ফুফা, দাদা, দাদি।
- 'মা' শব্দটি তদ্ভব ; 'বাবা' শব্দটি তুর্কি ; খালা শব্দটি আরবি।

**সঠিক উত্তর : ক.**

**৫. 'দুর্বধ্য' শব্দের অর্থ–**
ক. বধ করা সহজ নয় খ. বোঝা সহজ নয়
গ. বাধ্য করা সহজ নয় ঘ. বোকা

ব্যাখ্যা:
- বধ করা সহজ নয় - দুর্বধ্য
- বোঝা সহজ নয় - দুর্বোধ্য
- সহজে মরে না - দুর্মর
- বহন করা কষ্ট - দুর্ভর
- সহ্য করা কঠিন - দুর্বিষহ
- ভদ্রতা জানে না এমন - দুর্বিনীত
- নিবারণ করা কঠিন - দুর্বার

**সঠিক উত্তর : ক.**

**৬. 'রুগ্ণ' বিশেষণের বিশেষ্য রূপ –**
ক. রোগী খ. রোগিণী গ. রোগাটে ঘ. রোগ

ব্যাখ্যা:

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| রোগ | রুগ্ন | হৃদয় | হৃদ্য |
| সময় | সাময়িক | প্রেরণ | প্রণোদিত |
| সম্প্রতি | সাম্প্রতিক | বিষাদ | বিষন্ন |
| ভূত | ভৌতিক | বল | বলবান |
| ধান | ধেনো | গ্রহণ | গৃহীত |

**সঠিক উত্তর : ঘ.**

**৭. 'সাত ভায়া' গ্রামের উল্লেখ রয়েছে কোন রচনায়?**
ক. আমি কিংবদন্তির কথা বলছি খ. নূরলদীনের কথা মনে পড়ে যায়
গ. চাষার দুক্ষু ঘ. আহ্বান

ব্যাখ্যা: 'চাষার দুক্ষু' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বিহার অঞ্চলে ৩০/৩৫ বৎসর পূর্বে দুই সের খেসারীর বিনিময়ে কৃষক পত্নী বিক্রি হত।
- উড়িষ্যার অন্তর্গত কণিকা রাজ্যে কৃষকেরা পখাল (পান্তা) ভাতের সাথে লবণ ব্যতিত অন্য কোন উপকরণ সংগ্রহ করতে পারত না।
- সাত-ভায়া নামক সমুদ্র তীরবর্তী গ্রামের লোকেরা পখাল ভাতের সাথে লবণও জুটাতে পারত না।
- রংপুর জেলার লোকেরা টাকায় ২৫ সের চাউল পাওয়া সত্ত্বেও ভাত না পেয়ে লাউ, কুমড়া, প্রভৃতি সিদ্ধ করে খেত।
- আসাম ও রংপুরে 'এন্ডি' চাষ হত।
- মুর্শিদাবাদের গ্রামে রেশমি রুমাল প্রস্তুত হত।

**সঠিক উত্তর : গ.**

**৮. 'সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান---------' –এই পঙক্তির শূন্য স্থানে বসবে যে শব্দ:**
ক. স্বাধীনতা খ. মুক্তি গ. কবিতা ঘ. সংগীত

ব্যাখ্যা: 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় গুরুত্বপূর্ণ কিছু লাইন-
- আমি আমার পূর্ব পুরুষের কথা বলছি
  তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল
  তাঁর পিঠে রক্তজবার মত ক্ষত ছিল
- জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা
  কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
- আমি উচ্চারিত সত্যের মতো
  স্বপ্নের কথা বলছি
  উনোনের আগুনে আলোকিত
  একটি উজ্জ্বল জানালার কথা বলছি।
- আমি কবি ও কবিতার কথা বলছি
  সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
  সুপুরুষ ভালবাসার সুকণ্ঠ সংগীত কবিতা।

**সঠিক উত্তর : গ.**

**৯. 'Beauty sleep' বলতে বোঝায় –**
ক. গভীর ঘুম খ. প্রথম রাত্রির ঘুম
গ. সুন্দর ঘুম ঘ. দুপুর বেলার ঘুম

ব্যাখ্যা: Beauty sleep - মানুষের শরীর স্বাস্থ্য ঠিক রাখার জন্য যে ঘুম দরকার। তাই Beauty Sleep। সে হিসেবে প্রথম রাত্রির ঘুম ই Beauty Sleep.
**সঠিক উত্তর : খ.**

**১০. 'বহু দেখেছে যে, – এক কথায় হবে-**
ক. ভূয়োদর্শী খ. দূরদর্শী গ. সমদর্শী ঘ. দার্শনিক

ব্যাখ্যা:
- বহু/অনেক দেখেছে যে - বহুদর্শী
- বহু দেখেছে ও শুনেছে যে - ভূয়োদর্শী

**সঠিক উত্তর : ক.**

**১১. 'ঘর্ষণ বা পেষণজাত সুগন্ধ' অর্থে কোন শব্দটিকে বোঝায়?**
ক. পরিমল খ. স্নিগ্ধ গ. বিধুর ঘ. সুবাসিত

ব্যাখ্যা: পরিমল - পুষ্প চন্দনাদির সৌরভ ; মর্দন বা ঘর্ষণ করলে যে সুগন্ধ বের হয়।
**সঠিক উত্তর : ক.**

**১২. 'টঙ্কার' শব্দের সম্প্রসারিত বাক্য কোনটি?**
ক. ট্যাংকের শব্দ খ. ধাতব টাকার শব্দ
গ. ধনুকের ছিলার শব্দ ঘ. ধনুষ্টংকার রোগীর গোঙানির শব্দ

ব্যাখ্যা:
- টংকার - ধনুকের ধ্বনি
- শিঞ্জন - অলঙ্কারের ধ্বনি
- নিক্বণ - নূপুর/বীণার ধ্বনি
- ঝনৎকার - ঝনঝন শব্দ
- ঝংকার - বাদ্যযন্ত্রের ধ্বনি
- কলতান - অব্যক্ত মধুর ধ্বনি
- কিঙ্কির - সেতারের ঝংকার

**সঠিক উত্তর : গ.**

**১৩. 'বন্দুকের গুলি ছোড়া অনুশীলনের জন্য স্থাপিত লক্ষ্য' – কথাটির সংক্ষিপ্ত রূপ–**
ক. চতুরঙ্গ খ. চাঁদমারি গ. অধ্যাস ঘ. নিশানা

ব্যাখ্যা: বন্দুকের গুলি ছোড়া অভ্যাসের জন্য স্থাপিত চন্দ্রাকৃত লক্ষস্থলকে চাঁদমারি বলে।
**সঠিক উত্তর : খ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. 'ভীল' কী?
ক. এক প্রকার পোকা খ. ভারতীয় আদি জাতিবিশেষ
গ. অনুর্বর জমি ঘ. মহাভারতের একটি চরিত্র

ব্যাখ্যা: ভীল প্রাচীন ভারতের আদি জাতি বিশেষ।
ভীম মহাভারতের একটি চরিত্র।
সঠিক উত্তর : খ.

১৫. 'উদীচী' শব্দের অর্থ–
ক. পূর্বদিক খ. উত্তরদিক গ. উত্তরণ ঘ. জাগরণ

ব্যাখ্যা: উদীচী শব্দের অর্থ উত্তরদিক।
সঠিক উত্তর : খ.

১৬. 'আহ্বান' গল্পের বুড়িকে কোন গাছের নিচে কবর দেয়া হয়েছে?
ক. ডালিম খ. তিত্তিরাজ গ. ছাতিম ঘ. সোঁদাল

ব্যাখ্যা: 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- শরতের কটুতিক্ত গন্ধ ওঠা বনঝোপ ও মাকাল-লতা দোলানো একটা প্রাচীন গাছের তলায় বৃদ্ধাকে কবর দেওয়া হচ্ছে।
- লেখকের সঙ্গে একসাথে পড়ত - আবদুল শুকুর মিঞা, নসর।
- কবরের পাশে গাছের ছায়ায় বসে ছিল - আবেদালি ও তার ছেলে গণি।

সঠিক উত্তর : খ.

১৭. কোনটি সমষ্টিবোধক শব্দ নয়?
ক. নিকর খ. নিচয় গ. কূল ঘ. দাম

ব্যাখ্যা: বহুবচন বাচক শব্দের প্রয়োগ-

| প্রাণিবাচক | অপ্রাণিবাচক | উভয়ক্ষেত্র |
|---|---|---|
| কুল; গণ; পাল; বর্গ; বৃন্দ; মণ্ডল; মহল; যূথ; সব | আবলি; গুচ্ছ; গ্রাম, জাল; দাম; নিকর; ব্রজ; ব্রাত; মালা; রাজি; রাশি | চয়; দল; নিচয়; পুঞ্জ; মন্ডলী; শ্রেণী; সকল; সমূহ |

- কূল শব্দটি সমষ্টিবাচক শব্দ নয়।

সঠিক উত্তর : গ.

১৮. 'উপকূলের উনত্রিশ জন জেলে অতিশয় অত্যাচারিত হয়ে সম্রাটের কাছে প্রতিকার চাইলেন।' – এই বাক্যে উপসর্গ রয়েছে কয়টি?
ক. ছয়টি খ. পাঁচটি গ. নয়টি ঘ. তিনটি

ব্যাখ্যা: উপকূল (উপ);উনত্রিশ (উন);অতিশয় (অতি), প্রতিকার (প্রতি), অত্যাচার (অতি + আচার), সম্রাট (সম্ + √রাজ্ + ক্বিপ)
সঠিক উত্তর : ক.

১৯. নিচের কোন কবিতা অক্ষরবৃত্ত ছন্দে রচিত নয়?
ক. বিভীষণের প্রতি মেঘনাদ খ. ঐকতান
গ. সেই অস্ত্র ঘ. আঠারো বছর বয়স

ব্যাখ্যা: • অক্ষরবৃত্ত ছন্দ- বিভীষণের প্রতি মেঘনাদ; ঐকতান; তাহারেই পড়ে মনে, সেই অস্ত্র, এই পৃথিবীতে এক স্থান আছে, লোক-লোকান্তর।
- মাত্রাবৃত্ত ছন্দ- সাম্যবাদী; আঠারো বছর বয়স; রক্তে আমার অনাদি অস্থি।
- গদ্যছন্দ- ফেব্রুয়ারী ১৯৬৯; আমি কিংবদন্তির কথা বলছি; নূরলদীনের কথা মনে পড়ে যায়।
- মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

সঠিক উত্তর : ঘ.

২০. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলামের পথ-প্রদর্শক কে?
ক. রাষ্ট্র খ. মানবধর্ম গ. তারুণ্য ঘ. সত্য

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমের 'আমার পথ' প্রবন্ধ থেকে কিছু গুরুত্বপূর্ণ তথ্য-
- যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।
- যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করে না।
- যাদের এই তথাকথিত দম্ভ আছে, শুধু তারাই অসাধ্য সাধন করতে পারবে।
- এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেলে।
- অতএব এই অভিশাপ রথের সারথির স্পষ্ট কথা বলাটাকে কেউ যেন অহংকার বা স্পর্ধা বলে ভুল না করেন।
- আমার পথ দেখাবে আমার সত্য।

সঠিক উত্তর : ঘ.

২১. 'মাসি-পিসি' গল্পে দুই বিধবার চরিত্রে মিল কিসে?
ক. জামাইকে ঠকানোর চিন্তায় খ. দায়িত্বশীলতা ও মানবিক জীবনযুদ্ধে
গ. ব্যবসায়বুদ্ধিতে ঘ. নৌকাচালানোর পারদর্শিতায়।

ব্যাখ্যা: • 'মাসি-পিসি' গল্পটি স্বামীর নির্মম নির্যাতনের শিকার পিতৃমাতৃহীন এক তরুণীর করুণ জীবনকাহিনী।
- আহ্লাদিকে নিরাপদ রাখার ক্ষেত্রে অসহায় দুই বিধবার দায়িত্বশীল ও মানবিক জীবনযুদ্ধ প্রশংসনীয়।
- দুর্ভিক্ষের মর্মস্পর্শী স্মৃতি, জীবিকা নির্বাহের কঠিন সংগ্রাম নারী হয়ে নৌকাচালনা ও সবজির ব্যবসায় পরিচালনা প্রভৃতি এ গল্পের বৈচিত্র্যময় দিক।

সঠিক উত্তর : খ.

নিচের স্তবকটি পড়ো এবং নিচের চারটি প্রশ্নের প্রাসঙ্গিক উত্তর দাও (২২-২৫):

এই পৃথিবীতে এক স্থান আছে - সবচেয়ে সুন্দর করুণ :
সেখানে সবুজ ডাঙ্গা ভ'রে আছে মধুকূপী ঘাসে অবিরল;
সেখানে গাছের নাম : কাঁঠাল, অশ্বথ, বট, জারুল, হিজল;
সেখানে ভোরের মেঘে নাটার রঙের মতো জাগিছে অরুণ;

সেখানে বারুণী থাকে গঙ্গাসাগরের বুকে – সেখানে বরুণ
কর্ণফুলী ধলেশ্বরী পদ্মা জলাঙ্গীরে দেয় অবিরল জল;
সেইখানে শঙ্খচিল পানের বনের মতো হাওয়ায় চঞ্চল,
সেইখানে লক্ষ্মীপেঁচা ধানের গন্ধের মতো অস্ফুট তরুণ;
সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে;

২২. নিচের কোনটি পতঙ্গের নাম?
ক. মধুকূপী খ. জারুল গ. সুদর্শন ঘ. বারুণী

ব্যাখ্যা: পতঙ্গের নাম - সুদর্শন।
সঠিক উত্তর : গ.

২৩. স্তবকটিতে কয়টি গাছের নামের উল্লেখ রয়েছে?
ক. চারটি খ. ছয়টি গ. পাঁচটি ঘ. সাতটি

ব্যাখ্যা: গাছের নাম - কাঁঠাল, অশ্বস্থ, বট, জারুল, হিজল।
সঠিক উত্তর : গ.

২৪. গঙ্গাসাগর কী?
ক. বঙ্গোপসাগর খ. একটি দিঘির নাম
গ. ভিন্ন একটি উপসাগর ঘ. গঙ্গা যেখানে সাগরে মিশেছে

সঠিক উত্তর : ঘ.

২৫. স্তবকটিতে ব্যবহৃত ড্যাশ, কোলন ও সেমিকোলনের মোট সংখ্যা কত?
ক. ১২ খ. ১০ গ. ৮ ঘ. ১১

ব্যাখ্যা: (-) ড্যাশ ; (:) কোলন ; (;) সেমিকোলন।
কবিতায় ড্যাশ, কোলন, সেমিকোলনের সংখ্যা ১১টি।
সঠিক উত্তর : ঘ.

## General English

***Read the following passage and answer (questions 1-5) :***

The gypsies are a group of strange people. They do not have any fixed home. They wander about from place to place and live in tents. They were originally natives of India. But as they reached England from Egypt, the English took them for Egyptians. This is why they came to be called gypsies. They were believed to possess strange powers. They could tell your fortune by reading the palm of your hand. It was thought they stole little children to train them in their way of life. Whenever a child got lost, it was thought that it had been taken away by gypsies. So they were arrested and sent for trial. This attitude towards the gypsies has gradually changed.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

1. The gypsies are people who -
A. have a settled way of life
B. who came originally from Egypt to England.
C. are always on the move.
D. steal children.

ব্যাখ্যা: Passage এর ২য় Sentence-এ বলা হয়েছে- They (gypsies) do not have any fixed home. অর্থাৎ তারা যে কোনো জায়গায় গিয়েই বসতি স্থাপন করতে পারে। তাদের বসতি Fixed নয়।
Gipsy - যাযাবর সম্প্রদায়।
Ans : C.

2. The gypsies like to live in tents because -
A. it is easy to read one's palm inside a tent
B. it is ease to hide there
C. it is easy to carry them from Egypt
D. it is easy to put them up

ব্যাখ্যা: Passage এর ৩য় Sentence - এ বলা হয়েছে- They wander about from place to place and live in tents. যেহেতু তারা অস্থায়ী ভাবে বাস করে (Put up) সেহেতু তারা। tent-এ বাস করে কারণ এতে তাদের বাসস্থান সহজে change করতে সুবিধা হয়।
Ans : D.

3. 'The English took them for Egyptians' - means :
A. The English related them to the Egyptians.
B. The English brought them from Egypt.
C. The English considered them to be Egyptians.
D. The English were taken in by the Egyptians.

ব্যাখ্যা: Passage - এ আছে যে- But as they .......... The English took them for Egyptians .......... called gypsies. Egypt থেকে England এ যায় বলে এসব লোককে England -রা Egyptian মনে করতো।
Ans : C.

4. Which of the following words does not match with the word - 'wander'?
A. roam B. nomad C. sluggish D. stray

ব্যাখ্যা: Wander - ঘুরে বেড়ান/ভবঘুরে
Antonym : Sluggish (কুঁড়ে), Supine, Lazy, Slothful.
Ans : C.

5. Which of the following statements is true?
A. Gypsies have always been considered as suspicious.
B. Gypsies were considered favorably in the past
C. Gypsies are treated with more understanding in recent years.
D. Gypsies are treated with more hostility in recent years.

ব্যাখ্যা: Passage - এ উল্লেখ করা আছে যে, gypsies -দের সাথে আগে খারাপ আচরণ করা হতো। But this attitude .............. gradually changed.
Ans : C.

*Fill in the blank with the most appropriate word/words (question 6-12):*

Conditional

6. Had I heard the weather report, I____an umbrella.
A. would have taken B. would take
C. took D. would have been taking

ব্যাখ্যা: Sentence - টি 3rd Condition এর structure-
Had + sub + v(p.p) + obj, S + would have + v(p.p) + obj
or
If + Sub + had + v(p.p) + obj, S + would have + v(p.p) + obj
Ans : A.

7. A day on Mars____slightly____than a day on earth.
A. are, long B. can be as longer
C. was, long D. is, longer

Degree

ব্যাখ্যা: এখানে পৃথিবীর একটা দিনকে মঙ্গল গ্রহের একটি দিনের সাথে তুলনা করছে। ২টা বস্তুর মধ্যে তুলনা করলে Comparative degree হয়। আর এটি Present - Indefinite tense - হবে কারণ এটি চিরন্তন ও বৈজ্ঞানিক সত্য।
Ans : D.

8. My nephew_____chicken pox this weekend.
A. came round with B. came along with
C. came down with D. came over with

ব্যাখ্যা: Come down with - রোগে অসুস্থ হওয়া।
Come round - আরোগ্য লাভ করা।
Come down - আকস্মিক পতন
Come along - এগিয়ে যেতে বা উন্নতি করতে সহায়তা করা
Come by - চেষ্টার মাধ্যমে কোনো কিছু পাওয়া
Come after - কাউকে অনুসরণ করা
Come upon - হঠাৎ আক্রমণ করা
এখানে Chicken pox এ আক্রান্ত হওয়া বোঝাতে come down with হবে।
Ans : C.

Group Verb

9. There's paper____ the floor. Please put it____ the wastebasket.
A. at, into B. on, at C. on, in D. over, at

ব্যাখ্যা: কোনো কিছুর 'উপরে' বুঝাতে Proposition 'on' বসে।
Put in - ভেতরে রাখা।
Floor - এর উপরে (on) Paper আছে। এটাকে wastebasket - এর ভিতরে (Put in) রাখতে বলা হচ্ছে।
Ans : C.

Preposition

*Fill in the blank with the appropriate article.*

10. Do you know the name of____artist who painted this portrait?
A. a B. no article C. an D. the

Article

ব্যাখ্যা: এখানে, Protrait - টাকে নির্দিষ্ট (this) করে বলা হয়েছে। তাহলে Portrait - এর artist ও নির্দিষ্ট কেউ হবেন। তাছাড়া- of + the + noun.
Ans : D.

11. The chairman decided to call off the meeting. The meaning of the words in bold is:
A. postpone B. advance C. cancel D. dismiss

ব্যাখ্যা: Call off - বাতিল করা (stop/cancel)
Call at - কোন জায়গায় যাওয়া (visit)
Call up - স্মরণ করা (remember)
Call for - দাবি করা (as for)
Call out - চিৎকার করা (shout)
এখানে, Postpone - প্রত্যাহার করা। Cancel - বাতিল করা।
Ans : C.

Group Verb

*Choose the appropriate pronoun to complete the sentence.*

12. It's partly finished. There is ____ left.
A. nothing B. everything C. anything D. something

ব্যাখ্যা: এখানে বলা হয়েছে যে, কিছু অংশ (Partly) শেষ হয়েছে। তাহলে, আর কিছু অংশ (something) বাকি আছে।
Ans : D.

Completing Sentence

*Fill in the blank with the most appropriate word/words (questions 13-15)*

*13. The recipe for vegetable soup has a number of different ______.*
A. parts B. components C. ingredients D. elements

ব্যাখ্যা: শিল্প কারখানার কঠিন পদার্থের উপাদানে element বসে।
ফ্যাক্টরি, খাদ্য দ্রব্যের উপাদানে ingredient বসে।
এখানে, vegetable soup - এর উপাদানের কথা বলা হয়েছে।
Ans : C.

Completing Sentence.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

14. **By the middle of the twenty-first century, the computer _____ a necessity in every home.**
A. became B. becoming
C. has become D. will have become

ব্যাখ্যা: কোন একটা কাজ ভবিষ্যত সময়ের মধ্যে হবে বোঝালে Future Perfect Tense হবে। এক্ষেত্রে, by + time (সময়) উল্লেখ থাকে।
by + time = Future Perfet tense.
এখানে, by + the middle of the twenty first century আছে সুতরাং Future Perfect হবে।
Sub + will have + v(p.p) + object
Ans : D.

15. **Although research scientists had hoped that the new drug interferon ____ to be a cure for cancer, its application now appears to be more limited.**
A. prove B. had proven
C. would prove D. will prove

ব্যাখ্যা: Subordinate clause যেহেতু Past tense - সেহেতু Principal Clause ও Past tense হবে। আবার Sub-ordinate clause Past Perfect হলে, Principal clause - ভবিষ্যতের কথা বললে তখন would + v(present) বসে।
Ans : C.

16. **Find a synonym of the word 'tenacious' from the options given below:**
A. patient B. hardworking C. firm D. slippery

ব্যাখ্যা: • Tenacious - অনমনীয়/কঠিন • Firm - দৃঢ়, অনড়
Synonym : Hard, Solid, Difficult, Firm, Rigid.
Ans : C.

17. **Like foolish people who continue to live near an active volcano, many of us are____about the____of atomic warfare and its attendant destruction.**
A. worried, possibility B. unconcerned, threat
C. excited, power D. cheered, possession

ব্যাখ্যা: এখানে বলা হয়েছে, যারা active volcano - এর নিকট বসবাস করে, তারা অনেকই foolish people - এর মতো, Atomic warfare and its attendant destruction - এর হুমকি (threat) এবং ভয়াবহতা সম্পর্কে নিরুদ্বেগ (unconcerned) থাকে।
Ans : B.

18. **Which word is spelt correctly?**
A. Inconveniance B. Idiosincratic
C. Reneissance D. hypochondriac

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু Correct Spelling :

| | |
|---|---|
| Idiosyncrasy | Inevitable |
| Immediately | Inflammable |
| Immensely | Influential |
| Implement | Ingenious |
| Incidentally | Ingenuous |
| In Convenience | Idosyncratic |
| Hypochondriac | Renaissance |

Ans : D.

19. **What is the synonym of 'exhausted'?**
A. plenty B. stored C. animated D. drained

ব্যাখ্যা: Exhausted - ক্লান্তিকর/নিঃশেষিত/ক্লান্ত।
Drained - To deprive of strength/tired
Synonym : Weary, Tired, Drained, Drunk.
Ans : D.

20. **What is the antonym of 'gloomy'?**
A. Dark B. Bright C. Grey D. Pale

ব্যাখ্যা: Gloomy - বিষণ্ন, অন্ধকারময়, আঁধার
Antonym : Bright, Light, Shiny, Dazzling, Cheerful.
Synonym : Clouded, Murky, Bleak.
Ans : B.

21. **The correct translation of the following sentence is: আমাদের ভবিষ্যৎ সম্পর্কে আমাদের আশাবাদী হওয়া উচিত।**
A. We should be hopeful about our future
B. Our future is hopeful no doubt.
C. Our future must be hopeful about us
D. We must feel our future is good

ব্যাখ্যা: উচিত অর্থে should বসে।
Ans : A.

**Choose the correct sentence (questions 22-24):**

22. A. The announcer awarded the prize to Jamil and myself.
B. The announcer awarded the prize to Jamil and me.
C. The announcer awarded the prize to Jamil and I.
D. The announcer awarded the prize to I and Jamil

ব্যাখ্যা: Preposition - এর object হিসেবে যদি কোনো Pronoun আসে তবে তাকে objective form রূপে ব্যবহার করতে হয়।
এখানে, Preposition 'to' এর Pronoun - me (objective) হবে।
Ans : B.

23. A. Irom Sharmila is on hunger strike since the year 2000
B. Irom Sharmila is being on hunger strike since the year 2000
C. Irom Sharmila was on hunger strike since the year 2000
D. Irom Sharmila has been on hunger strike since the year 2000

ব্যাখ্যা: Since/for - যুক্ত অতীতের কোন কাজ বর্তমান পর্যন্ত চলা বোঝাতে Present Perfect Tense হবে।
Ans : D.

24. A. Whose glasses are these? Are these yours or Sohel's?
B. Whose glasses are these? Are these your's or Sohel's?
C. Who's glasses are these? Are these yours or Sohel's?
D. Who's glasses's are these? Are these your's or Sohel's?

ব্যাখ্যা: Who - এর Possessive form - whose (not who's) আবার you এর Passessive form হচ্ছে yours (not your's) কোনো ব্যক্তির নামের Possessive form হচ্ছে নামের (name) সাথে Apostrophe s ('s)। যেমন- Shohel's.
Ans : A.

25. **'Value' mean.**
A. Principles B. Punctuality
C. Product D. Judgement

ব্যাখ্যা: Value - মূল্য/মান/নীতি
Value - হচ্ছে একজন ব্যক্তির Principles or standers of behaviour.
Synonym : Principles, ethics, moral code, standards, morals.
Ans : A.

## General knowledge

১. **বাংলাদেশের কোন নদী প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসেবে পরিচিত?**
ক. হালদা খ. মেঘনা গ. যমুনা ঘ. পদ্মা

ব্যাখ্যা: • বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র - হালদা নদী (চট্টগ্রাম)।
• সামুদ্রিক মাছ শিকারের জন্য বিখ্যাত - সোনাদিয়া দ্বীপ।
• বাংলাদেশের মিঠাপানির মাছের প্রধান উৎস - চলন বিল।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২. পণ্ডিত অতীশ দীপঙ্করের জন্মস্থান কোনটি?
ক. চট্টগ্রাম খ. কুমিল্লা গ. বিক্রমপুর ঘ. ময়মনসিংহ

ব্যাখ্যা: • অতীশ দীপঙ্কর ছিলেন বৌদ্ধধর্মের একজন সাধক।
• তিনি ৯৮২ খ্রিস্টাব্দে মুন্সীগঞ্জের বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রামে জন্ম গ্রহণ করেন।
• তিনি ১০৫৪ খ্রিস্টাব্দে তিব্বতের রাজধানী লাসায় মৃত্যুবরণ করেন।
সঠিক উত্তর : গ.

৩. আড়িয়াল বিল কোথায় অবস্থিত?
ক. কুড়িগ্রাম খ. নড়াইল গ. নাটোর ঘ. মুন্সিগঞ্জ

ব্যাখ্যা: বাংলাদেশের উল্লেখযোগ্য বিল-

| বিল | অবস্থান | বিল | অবস্থান |
|---|---|---|---|
| আড়িয়াল বিল | মুন্সিগঞ্জ | ভবদহ বিল | যশোর |
| চলন বিল | পাবনা, নাটোর, সিরাজগঞ্জ, রাজশাহী | তাগরাই বিল | কুড়িগ্রাম |
| ডাকাতিয়া বিল | খুলনা | বড় মির্জাপুর বিল | বগুড়া |

সঠিক উত্তর : ঘ.

৪. দুবলার চর কোথায় অবস্থিত?
ক. সেন্ট মার্টিন দ্বীপে খ. সুন্দরবনের দক্ষিণ উপকূলে
গ. ভোলায় ঘ. কক্সবাজারে

ব্যাখ্যা: বাংলাদেশের উল্লেখযোগ্য চর-

| চর | অবস্থান | চর | অবস্থান |
|---|---|---|---|
| দুবলার চর | সুন্দরবনের দক্ষিণ উপকূলে | মুহুরীর চর | পরশুরাম, ফেনী |
| পাটনি চর | সুন্দরবন | চর আলেকজান্ডার, চর গজারিয়া | লক্ষীপুর |
| নির্মল চর | রাজশাহী | উড়ির চর | সন্দ্বীপ, চট্টগ্রাম |
| মনপুরা, চর মানিক, চর কুকড়ি মুকড়ি | ভোলা | চর শ্রীজনী, চর শাহাবানি | হাতিয়া, নোয়াখালী |

• দুবলার চর মৎস আহরণ, শুটকি উৎপাদন ও উপকূলীয় সবুজ বেষ্টনীর জন্য বিখ্যাত।
সঠিক উত্তর : খ.

৫. নিচের কোন দেশে সমুদ্র বন্দর নেই?
ক. লেবানন খ. মিশর গ. আফগানিস্তান ঘ. আলজেরিয়া

ব্যাখ্যা: বিশ্বের সমুদ্র বন্দরবিহীন বা স্থলবেষ্টিত দেশ-

| মহাদেশ | সমুদ্রবন্দরবিহীন বা স্থলবেষ্টিত দেশ |
|---|---|
| এশিয়া | আফগানিস্থান, নেপাল, ভুটান, লাওস, মঙ্গোলিয়া, আর্মেনিয়া, কাজাখস্তান, কিরগিজস্তান, উজবেকিস্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, আজারবাইজান। |
| ইউরোপ | অস্ট্রিয়া, হাঙ্গেরি, সুইজারল্যান্ড, বেলারুশ, সার্বিয়া, লুক্সেমবার্গ, চেক প্রজাতন্ত্র, মলদেভো, স্লোভাকিয়া, ভ্যাটিকান সিটি, সান মেরিনো, মেসিডোনিয়া, কসোভা, অ্যান্ডোরা, লিচটেনস্টাইন। |
| আফ্রিকা | মালি, নাইজার, শাদ, মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র, রুয়ান্ডা, বুরুন্ডি, মালাবি, বারকিনা ফাসো, জাম্বিয়া, বতসোয়ানা, জিম্বাবুয়ে, উগান্ডা, সোয়াজিল্যান্ড, লেসোথো, ইথিওপিয়া, দক্ষিণ সুদান। |
| দক্ষিণ আমেরিকা | প্যারাগুয়ে ও বলিভিয়া |

সঠিক উত্তর : গ.

৬. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের পক্ষে প্রথম ডাবল সেঞ্চুরি কে করেন?
ক. মোহাম্মদ আশরাফুল খ. মমিনুল হক
গ. তামিম ইকবাল ঘ. মুশফিকুর রহিম

ব্যাখ্যা: • বাংলাদেশের পক্ষে টেস্ট ক্রিকেটে-
প্রথম ডাবল সেঞ্চুরিকারী- মুশফিকুর রহিম।
দ্বিতীয় - তামিম ইকবাল এবং তৃতীয় - সাকিব আল হাসান।
• বাংলাদেশের পক্ষে টেস্ট ক্রিকেটে প্রথম সেঞ্চুরি করেন - আমিনুল ইসলাম বুলবুল এবং হাফ সেঞ্চুরি করেন - হাবিবুল বাশার।
সঠিক উত্তর : ঘ.

৭. ২০২০ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক কোন শহরে অনুষ্ঠিত হবে?
ক. মস্কো খ. দোহা গ. টোকিও ঘ. লস এঞ্জেলেস

ব্যাখ্যা: • ২০২০ সালের ৩২ তম গ্রীষ্মকালীন অলিম্পিকের ভেন্যু-টোকিও, জাপান।
• ষোড়শ গ্রীষ্মকালীন প্যারা অলিম্পিক (প্রতিবন্ধীদের জন্য) এর ভেন্যু - টোকিও জাপান [২৫ আগস্ট - ৬ সেপ্টেম্বর ২০২০]
• ২৩ তম শীতকালীন অলিম্পিকের ভেন্যু - পিয়ং চ্যাং, দক্ষিণ কোরিয়া [৯ - ২৫ ফেব্রুয়ারি ২০১৮]
সঠিক উত্তর : গ.

৮. কোন শহরটি 'বিগ অ্যাপেল' নামে পরিচিত?
ক. প্যারিস খ. নিউ ইয়র্ক গ. লন্ডন ঘ. সিঙ্গাপুর

ব্যাখ্যা: বিভিন্ন স্থানের ভৌগলিক উপনাম-

| উপনাম | স্থান | উপনাম | স্থান |
|---|---|---|---|
| বিগ আপেল, গগণচুম্বী অট্টালিকার শহর, জাঁকজমকের নগরী | নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র) | মুক্তার দ্বীপ | বাহরাইন |
| উদ্যানের শহর , বাতাসের শহর, পৃথিবীর কসাই খানা | শিকাগো (যুক্তরাষ্ট্র) | পবিত্র ভূমি | জেরুজালেম |
| নীরব শহর, চির শান্তির শহর, সাত পাহাড়ের শহর | রোম (ইতালি) | ভূ-স্বর্গ | কাশ্মীর (ভারত) |
| বাজারের শহর, রাতের নগরী | কায়রো (মিশর) | ইউরোপের ককপিট/রণক্ষেত্র | বেলজিয়াম |
| ইউরোপের প্রবেশ দ্বার | ভিয়েনা (অস্ট্রিয়া) | পৃথিবীর রুটির ঝুড়ি | উত্তর আমেরিকার প্রেইরি |

সঠিক উত্তর : খ.

৯. সত্যেন্দ্রনাথ বসু ছিলেন একজন-----------
ক. অর্থনীতিবিদ খ. চিকিৎসক
গ. সমাজবিজ্ঞানী ঘ. পদার্থবিদ

ব্যাখ্যা: • সত্যেন্দ্রনাথ বসু ছিলেন একজন ভারতীয় বাঙালি পদার্থ বিজ্ঞানী।
• তিনি ঢাকা, কলকাতা ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার সাথে যুক্তছিলেন।
• তিনি বোস আইনস্টাইন সংখ্যাতত্ত্বের জন্য বিখ্যাত।
সঠিক উত্তর : ঘ.

১০. পিরানহা কী?
ক. সাপ খ. মাছ গ. ব্যাঙ ঘ. কচ্ছপ

ব্যাখ্যা: পিরানহা হচ্ছে এক প্রকার বিষাক্ত সামুদ্রিক মাছ।
সঠিক উত্তর : খ.

১১. যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী হলেন ------------
ক. তেরেসা মে খ. বরিস জনসন
গ. ডেবিড ক্যামেরন ঘ. অ্যাঙ্গেলা মরকেল

ব্যাখ্যা: • যুক্তরাজ্য তথা বিশ্বের প্রথম প্রধানমন্ত্রীর নাম - রবার্ট ওয়ার্লপোল।
• যুক্তরাজ্যের প্রথম নারী প্রধানমন্ত্রী - মার্গারেট থ্যাচার [লৌহ মানবী খ্যাত]
• চার মেয়াদে দায়িত্ব পালনকারী যুক্তরাজ্যের একমাত্র প্রধানমন্ত্রী - উইলিয়াম গ্লাডস্টোন।
• যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী তেরেসা মে দায়িত্ব গ্রহণ করেন - ১৩ জুলাই ২০১৬।
সঠিক উত্তর : ক.

১২. মার্কিন সাতারু মাইকেল ফেলপ্স্ মোট কয়টি অলিম্পিক স্বর্ণপদক জিতেছেন?
ক. ২৩ টি খ. ১৩ টি গ. ২৪ টি ঘ. ৯ টি

ব্যাখ্যা: • অলিম্পিকের ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক (২৮ টি) পদক জয়ী- মার্কিন সাঁতারু মাইকেল ফেলপস [স্বর্ণপদক - ২৩টি]
• অলিম্পিকের ইতিহাসে ব্যক্তিগত ইভেন্টে সর্বোচ্চ সংখ্যক (১৩ টি) পদক জয়ী - মাইকেল ফেলপস (যুক্তরাষ্ট্র)।
• অলিম্পিকের এক আসরে সর্বোচ্চ স্বর্ণপদক বিজয়ী - মাইকেল ফেলপস (৮ টি)।
সঠিক উত্তর : ক.

১৩. বছরের সবচেয়ে দীর্ঘ দিন কোনটি?
ক. ২০ জুন খ. ২১ জুন গ. ২২ জুন ঘ. ২৭ জুন

ব্যাখ্যা: উত্তর গোলার্ধ : দীর্ঘতম দিন ও ক্ষুদ্রতম রাত - ২১ জুন।
ক্ষুদ্রতম দিন ও দীর্ঘতম রাত - ২২ ডিসেম্বর
দক্ষিণ গোলার্ধ : ক্ষুদ্রতম দিন ও দীর্ঘতম রাত - ২১ জুন।
দীর্ঘতম দিন ও ক্ষুদ্রতম রাত - ২২ ডিসেম্বর।
পৃথিবীর সর্বত্র দিন রাত্রি সমান ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৪. ইন্টারপোল কী?**
ক. আন্তর্জাতিক পুলিশ সংস্থা
খ. আন্তর্জাতিক রাজনৈতিক সংস্থা
গ. আন্তর্জাতিক পোলিও নিয়ন্ত্রণ সংস্থা
ঘ. আন্তর্জাতিক বাজার উন্নয়ন সংস্থা

**ব্যাখ্যা:** • Interpol (International Criminal Police Organization বা আন্তর্জাতিক পুলিশ সংস্থা) প্রতিষ্ঠিত হয় - ১৯২৩ সালে।
• ইন্টারন্যাশনাল বর্তমান সদর দপ্তর - লিওঁ, ফ্রান্স [প্রতিষ্ঠাকালীন-ভিয়েনা, অস্ট্রিয়া]।
• বাংলাদেশ ইন্টারপোলের সদস্যপদ লাভ করে - ১৪ অক্টোবর ১৯৭৬।
• ইন্টারপোল কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম - International Criminal Police Review.
**সঠিক উত্তর ঃ ক.**

**১৫. হেলসিংকি কোন দেশের রাজধানী?**
ক. সুইডেন খ. ফিনল্যান্ড গ. পোল্যান্ড ঘ. নরওয়ে

**ব্যাখ্যা: ইউরোপের গুরুত্বপূর্ণ দেশের রাজধানী-**

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| সুইডেন | স্টকহোম | ডেনমার্ক | কোপেন হেগেন |
| ফিনল্যান্ড | হেলসিংকি | জার্মানি | বার্লিন |
| পোল্যান্ড | বার্ন | হাঙ্গেরি | বুদাপেস্ট |
| নরওয়ে | অসলো | আয়ারল্যান্ড | ডাবলিন |
| আলবেনিয়া | তিরানা | লুক্সেমবার্গ | লুক্সেমবার্গ |
| অস্ট্রিয়া | ভিয়েনা | পোল্যান্ড | ওয়ারশ |
| বেলজিয়াম | ব্রাসেলস | পর্তুগাল | লিসবন |
| চেক রিপাবলিক | প্রাগ | সার্বিয়া | বেলগ্রেড |
| ভ্যাটিকান সিটি | ভ্যাটিকান সিটি | স্পেন | মাদ্রিদ |
| কসোভো | প্রিস্টিনা | স্লোভেনিয়া | লুবজানা |

**সঠিক উত্তর ঃ খ.**

**১৬. মিয়ানমারের প্রেসিডেন্ট কে?**
ক. অং সান সুচি খ. তিন কিয়াও
গ. জেনারেল থান সেইন ঘ. টিম মিও উইন

**ব্যাখ্যা:** • মিয়ানমারের প্রথম প্রেসিডেন্ট - সাও সোয়ে থেইক।
• প্রেসিডেন্টের মেয়াদকাল ৫ বছর।
• মিয়ানমারের জনক - অং সান।
• মিয়ানমারের প্রেসিডেন্ট হিসেবে তিন কিয়াও দায়িত্ব গ্রহণ করেন - ৩০ মার্চ ২০১৬।
**সঠিক উত্তর ঃ খ.**

**১৭. 'তাহরির' স্কোয়ার কোথায় অবস্থিত?**
ক. আম্মান খ. তেহরান গ. বাগদাদ ঘ. কায়রো

**ব্যাখ্যা: বিশ্বের উল্লেখযোগ্য স্কয়ার-**

| স্কয়ার | অবস্থান | স্কয়ার | অবস্থান |
|---|---|---|---|
| তাহরির স্কয়ার | কায়রো, মিশর | রেড স্কয়ার | মস্কো, রাশিয়া |
| বাংলাদেশ স্কয়ার | লাইবেরিয়া | তিয়েন-আনমেন স্কয়ার | বেইজিং চীন |
| টাইমস স্কয়ার | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র | গ্রিন স্কয়ার | ত্রিপোলি, লিবিয়া |
| ট্রাফালগার স্কয়ার | লন্ডন, যুক্তরাজ্য | পার্ল স্কয়ার | মানামা, বাহরাইন |

**সঠিক উত্তর ঃ ঘ.**

**১৮. উত্তরা গণভবন কোথায় অবস্থিত?**
ক. নাটোর খ. বগুড়া
গ. রাজশাহী ঘ. পাবনা

**ব্যাখ্যা:** • নাটোরের উত্তরাগণভবন নির্মাণ করেন - রাজা দয়ারাম রায়।
• নাটোরের এই রাজবাড়ির নাম উত্তরা গণভবন রাখেন - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (৯ ফেব্রুয়ারি ১৯৭২)।
• বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলীয় সচিবালয় বাসভবনের নাম - উত্তরা গণভবন।
**সঠিক উত্তর ঃ ক.**

**১৯. সালভাদর দালি ছিলেন একজন-**
ক. বিজ্ঞানী খ. কবি
গ. চিত্রশিল্পী ঘ. অভিযাত্রী

**ব্যাখ্যা:** সালভাদর ডালি ছিলেন স্পেনের একজন চিত্রশিল্পী। উল্লেখযোগ্য চিত্রকর্ম - Landscape Near Figueras, Vilabertin, Cabaret Scene, The Elephants, Chupa Chups, The Swallows Tail.
**সঠিক উত্তর ঃ গ.**

**২০. ব্রাজিল কোন দেশের উপনিবেশ ছিল?**
ক. ডেনমার্ক খ. নেদারল্যান্ডস
গ. পর্তুগাল ঘ. স্পেন

**ব্যাখ্যা: সাম্রাজ্য বা উপনিবেশ থেকে স্বাধীনতা লাভকারী দেশ সমূহ-**

